REG· NO·C· 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴২০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তা দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার:—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।


২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৭ই শ্রাবণ বুধবার ১৩৪৬ ইংরাজী 2ud August 1939 | ১২শ সংখ্যা


এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন:—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।



বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

নূতন বীমা

(১৯৩৭-৩৮)

৩ কোটি টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর মেয়াদী বীমায় ১৮৲    প্রতি হাজারে আজীবন বীমায় ১৫৲

| | | | | |
|---|---|---|---|---|
| চল্তি বীমা | ... | ১৪ কোটি | ৬০ লক্ষের | উপর |
| বীমা তহবিল | ... | ২ „ | ৬৭ লক্ষের | „ |
| মোট সংস্থান | ... | ২ „ | ৯৭ „ | „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... ৬৯ „ | „ |
| দাবী শোধ | ... | ১ কোটি | ৬০ „ | „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

সাব অফিস:—কৃষ্ণনগর, নদীয়া।



## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



রজতশশী

## আয়ুর্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

(স্থাপিত—সন ১৩০২ সাল)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

## বিজ্ঞাপন

স্থানীয় উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সমিতির কার্য্যকাল শেষ হওয়ায় আগামী ৩রা সেপ্টেম্বর সমিতি পুনর্গঠিত হইবে। তদুদ্দেশ্যে ভোটদাতৃগণের তালিকা প্রস্তুত হইয়াছে ও উহা সর্ব্বসাধারণের অবগতি ও পর্য্যবেক্ষণের জন্য উক্ত বিদ্যালয়ের বিজ্ঞাপন-ফলকে প্রকাশ্য ও সাধারণের সহজ অধিগম্য স্থানে লটকাইয়া দেওয়া হইয়াছে। উক্ত তালিকাভুক্ত নাম বা অন্য কোন বিষয়ে আপত্তি থাকিলে আগামী কল্য হইতে চৌদ্দ দিবস মধ্যে উক্ত বিদ্যালয়ের সম্পাদক বরাবর দরখাস্ত করিতে হইবে। তালিকা আগামী কল্য হইতে চৌদ্দ দিবস প্রকাশ্য স্থানে প্রকাশিত থাকিবে। উক্ত তালিকার আগামী ২৫।৮।৩৯ তারিখে শেষ প্রচার (final publication) হইবে। ইতি ৬।৮।৩৯

শ্রীপশুপতি চক্রবর্ত্তী
for সেক্রেটারী জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়।

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৭ই শ্রাবণ বুধবার সন ১৩৪৭ সাল

## পুরাতন পাপীর দণ্ড

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত খিদিরপুর গ্রামের পুরাতন পাপী মজিদ সেখ রঘুনাথগঞ্জ চাউলপটির ৺শ্যামসুন্দর দত্ত মহাশয়ের পুত্রগণের বাটিতে চুরি করার অপরাধে ধৃত হয়। বিচারে তাহার দুই বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

## অতিবৃষ্টি

গত বৃহস্পতিবার হইতে এখানে অনবরত বৃষ্টি ও প্রবল বাতাস বহিতেছে। এই কয়দিনের মধ্যে সূর্য্যোদয় হয় নাই বলিলেও চলে। বৃষ্টিতে বহু দেওয়ালিয়া ঘর পড়িয়া গিয়াছে। মানুষ ও গরু-ছাগল প্রভৃতি জীবজন্তর কষ্টের সীমা নাই। লোকে কোন প্রকারে দু-মুঠো চাউল যোগাড় করিলেও জ্বালানীর অভাবে রন্ধন করিয়া খাইতে পাইতেছে না। অতিবৃষ্টির জন্য রাঢ় অঞ্চলে বহু জমির ধান গাছ ডুবিয়া গিয়াছে। প্রবল বাতাসের জন্য নদী পারাপার করা বড়ই সুকঠিন হইয়া পড়িয়াছে। দীনদুঃখীদের দুর্দ্দশা চরমে উঠিয়াছে।

## পরলোকে

বিগত ২১শে জুলাই ষমশেরপুর (নদীয়া) বাগচী পরিবারের শ্রীযুক্ত ফকিরচাঁদ বাগচী মহাশয় ৫১ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। তিনি বহরমপুর কোর্টে ওকালতী করিতেন ও তাঁহাদের এষ্টেট দেখাশুনা করিতেন। তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## জঙ্গিপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক

গত ৩০শে জুলাই রবিবার নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ জঙ্গিপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান, ডেপুটী-চেয়ারম্যান, সেক্রেটারী, সহকারী-সেক্রেটারী ও ধনরক্ষক নির্ব্বাচিত হইয়াছেন :—

বাবু সুধীন্দ্রকুমার সান্যাল, এম-এ, বি-এল, এস, ডি, ও, জঙ্গিপুর, পদহেতুক—চেয়ারম্যান।
বাবু শচীন্দ্রনাথ রায়—ডেপুটী-চেয়ারম্যান।
বাবু বিভূতিভূষণ দাস, এম-এ, বি-এল—সেক্রেটারী।
বাবু বিনয়গোপাল ঘোষ, বি-এ—সহঃ-সেক্রেটারী।
বাবু রোহিণীকুমার রায়, বি-এ—ধনরক্ষক।

## অভিনন্দন সভা

গত ৩০শে জুলাই রবিবার বৈকাল ৫ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক হলে জঙ্গিপুর তরুণ নাট্য সংঘের উদ্যোগে নবনির্ব্বাচিত চেয়ারম্যান বাবু কালীচরণ সিংহ মহাশয়কে ও ভাইস-চেয়ারম্যান মৌলভী জাহিরুদ্দিন বিশ্বাস সাহেবকে অভিনন্দিত করিবার জন্য এক সভার অধিবেশন হইয়াছিল। জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুধীন্দ্রকুমার সান্যাল এম-এ, বি-এল, মহোদয় এই সভার আসন অলঙ্কৃত করিয়াছিলেন। সুগায়ক শ্রীযুক্ত দুঃখভঞ্জন সান্যাল মহাশয় গান গাহিয়া সভাস্থ জনগণকে মুগ্ধ করেন।

## পদ্মাগর্ভে নৌকা ডুবি

### তিন ব্যক্তি নিখোঁজ

গত ২১শে জুলাই রঘুনাথগঞ্জ থানার অধীন সেখালীপুরের নিকট একখানি ধান্য বোঝাই নৌকা পদ্মা পার হইবার সময় পদ্মাগর্ভে ডুবিয়া যায়।

এ পর্য্যন্ত অনুসন্ধানে ৩ ব্যক্তির খোঁজ পাওয়া যায় নাই।

## শক্তিমান বাঙ্গালী

পাবনা জেলার বিশিষ্ট শিকারী রাধানগর নিবাসী মিঃ সাজাহান মিঞা পাবনা ঈশ্বরদী রাস্তার দশানি দিক হইতে দুইটী বৃহৎ ব্যাঘ্র বধ করিয়াছেন।

## ভারত গবর্ণমেণ্টের নারী কর্ম্মচারী

যোগ্যতার সহিত ফেডারেল পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কুমারী লীলা ঘোষ ভারত গবর্ণমেণ্টের দেশ রক্ষা বিভাগে নিযুক্ত হইয়াছেন। তিনি ঢাকাবাসী ও সিমলা ইউনিয়ন একাডেমীর সহকারী হেড মাষ্টার মিঃ বি, সি ঘোষের ভগ্নী। দেশরক্ষা বিভাগে তিনি ভারতীয় নারীদের মধ্যে সর্ব্বপ্রথম নিযুক্ত হইলেন।

## ছাত্র ধর্ম্মঘট

করাচীর দয়ারাম জেঠমল সিন্ধু কলেজের বি-এ ক্লাসের অর্থনীতি শাস্ত্রের অধ্যাপক মিঃ বুতানী একটী ছাত্রকে ক্লাসে গোলযোগ করিবার জন্য ক্লাস হইতে বাহির করিয়া দেন। কিছুক্ষণ পরে ছাত্রটী ক্লাসে প্রবেশ করে। অধ্যাপক তাহাকে নাকি প্রহার করেন, তাহাতে ছাত্রটী অধ্যাপককে মাটিতে ফেলিয়া দেয়। অধ্যক্ষ ছাত্রকে কলেজ হইতে বিতাড়িত করেন। তাহাতে কলেজে ধর্ম্মঘট হইয়াছে।

## বেতন বৃদ্ধির আবেদন

বঙ্গীয় ব্যবস্থা পরিষদের স্পীকার খাঁ বাহাদুর আজিজুল হক তাঁহার বেতন বাড়াইবার জন্য মন্ত্রীসভার নিকট আবেদন করিয়াছেন। তিনি নাকি এই যুক্তি দেখাইয়াছেন যে, তাঁহাকে যেরূপ পরিশ্রম করিতে হয়, তাহার তুলনায় বেতন যথেষ্ট নয়। বর্ত্তমানে তিনি মাসিক দুই হাজার টাকা বেতন পান।

## প্রধান মন্ত্রীর ছুটি

ইউনাইটেড প্রেস অবগত হইয়াছেন যে, ঢাকা হইতে প্রত্যাবর্ত্তন করিবার পর বাঙ্গলার প্রধান মন্ত্রী মিঃ ফজলুল হক তাঁহার সহকর্ম্মীদের সহিত বন্দোবস্ত করিয়া একপক্ষ কালের জন্য কার্য্য হইতে অবসর লইবেন ; এই সময় তিনি পরিপূর্ণ বিশ্রাম গ্রহণ করিবেন। তাঁহার অনুপস্থিতকালে শ্রীযুক্ত মুকুন্দবিহারী মল্লিক শিক্ষা বিভাগের জরুরী কার্য্যাদির ব্যবস্থা করিবেন।

## স্কুলে টিকি কাটা

মধ্যপ্রদেশের বালাঘাট গভর্ণমেণ্ট হাই স্কুলের প্রধান শিক্ষক মিঃ সৈয়দহোসেন একদিন ছাত্রদের এক ক্লাসে ঢুকিয়া একজন ছাত্রের চুল ছাটিয়া দেন এবং পিয়ন ও কয়েকজন সহকারী শিক্ষককে বাধ্যতামূলক ভাবে ছাত্রদের চুল কাটিয়া দিতে আদেশ করেন। দৃঢ় মুষ্টিতে তাহারা ছাত্রদের চুল ধরিলে ছাত্রগণ ক্রন্দন করিতে থাকে। এই সময় কয়েকজন হিন্দু ছাত্র বলে যে তাহার টিকি কর্ত্তিত হইয়াছে। যাহাদের চুল কাটা হইয়াছিল তাহাদের মধ্যে খৃষ্টান ও মুসলমান ছাত্রও ছিল। হিন্দু ছাত্রদের প্রতিবাদে প্রধান শিক্ষক শুদ্ধিস্নানের জন্য দুই ঘণ্টা সময় দেন। পুলিশের নিকট বিবরণ জানাইয়া দেওয়া হইয়াছে। এরূপ অভিনব শাস্তি আর কোন স্কুল কর্ত্তৃপক্ষ প্রয়োগ করেন নাই। সহরে বিশেষ চাঞ্চল্য হইয়াছে।

## চীনাদেশে নারীর সংগ্রাম


চীন দেশের ধনী দরিদ্র সকল শ্রেণীর নারী মিলিত হইয়া জাপানের বিরুদ্ধে সংগ্রামে সাহায্য করিতেছে। চীনা নারীগণ যুদ্ধক্ষেত্রে যোগদান করিয়া যুদ্ধ করিতেছে। মাদাম চাও গরিলা সৈন্যদের সহিত যোগদান করিয়া যুদ্ধ করিতেছেন। তাহার "গরিলাদের মাতা" নামকরণ করা হইয়াছে। কুমারী টিং লিং তাঁহার সৈন্যদল সহ গোলাগুলি ও কামান গর্জ্জনের মধ্যে যুদ্ধ করিয়া বিখ্যাত হইয়াছেন। বহু নারী সেবা শুশ্রূষা করিতেছেন ও ঔষধ সরবরাহ করিতে সাহায্য করিতেছেন। চীনা নারীগণ সৈন্যদলের সহিত সহযোগিতা করিয়া যুদ্ধ করিতেছে। কেহ বা অর্থ সংগ্রহ করিতেছেন এবং চীনের স্বাধীনতা যুদ্ধে যোগ দিয়াছেন। চীনা নারীগণ সাহস ও উৎসাহের সহিত জাপানীদিগকে বাধা দিতেছে। চীনের দক্ষিণ তীরে পাখৈ নামক স্থানে যখন জাপানীগণ হঠাৎ আক্রমণ করিল তখন তথায় চীনা সৈন্যগণ ছিল না। পাখের নারীগণ তাহাদের পুরুষদের সহিত মাঠে দৌড়াইয়া গেল এবং যে যাহা পাইল লাঠি, তরবারী ও অন্যান্য চাষের যন্ত্র লইয়া জাপানীদের আক্রমণ করিল। তাহাতে জাপানীগণ হটিয়া গেল। তাহার ফলে গভর্ণমেণ্ট ঐ সকল সাহসী ও চীনা নারীগণকে সম্মান দেখাইয়াছেন।

## বিহার গভর্ণমেণ্টের প্রশংসনীয় কার্য্য

নানা দিক দিয়া উন্নতি করিয়া বিহার বাঙ্গলা দেশকে ছাড়াইয়া যাইতেছে ও উন্নতির দিকে অগ্রসর হইতেছে। বাঙ্গলার অবস্থা দেখিয়া দুঃখ হয়। বিহার গভর্ণমেণ্ট জনসাধারণের চাকুরী লাভের ধারাবাহিক বন্দোবস্ত যেরূপে করা যায় তাহার জন্য অধিকতর ব্যাপক উপায় বিহার গভর্ণমেণ্ট অনুসরণ করিতেছেন। তথাকার নিয়োগ বোর্ডে ৩ হাজার লোকের নাম তালিকাভুক্ত আছে। উক্ত বোর্ডে এ পর্য্যন্ত বিহার ও অন্যান্য প্রদেশে ১২শত কারবারের মালিকদিগের নিকট চাকুরী পাওয়া যায় কিনা তজ্জন্য পত্র দিয়াছেন। তাহাতে ৩২২০টী চাকুরী খালির সন্ধান পাওয়া গিয়াছে। ৫০০ জন বেকারের কয়েকজনকে স্থায়ী, কয়েকজনকে শিক্ষানবীশরূপে চাকুরীতে নিযুক্ত করা হইয়াছে। এ পর্য্যন্ত ৪৩৬ জনকে বিহারের কংগ্রেস গভর্ণমেণ্টের অধীনে চাকুরী দেওয়া হইয়াছে। গভর্ণমেণ্টের পল্লীউন্নয়ন কার্য্যেও অনেক যুবকের চাকুরী হইয়াছে। শিক্ষিত জনসাধারণের চাকুরী প্রাপ্তির ধারাবাহিক বন্দোবস্ত যাহাতে করা যায় তাহার জন্য ব্যাপক উপায় বিহার গভর্ণমেণ্ট অনুসরণ করিতেছেন।

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসুমহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।


**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটাফুড ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

ENGD. BY D. P. NATH & BROS. 2 BOW BAZAR ST.

---

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০। ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী— { বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

---

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৵০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

---




সবার উপরে

## জ-বা-কু-সু-ম

তাহার উপরে নাই!

উপহারে—আদর্শ উপকরণ
**"জবাকুসুম কাস্কেট"**
নবধারায় প্রবর্ত্তিত হইয়াছে।

সকল সম্ভ্রান্ত দোকানে প্রাপ্তব্য।

**সি, কে, সেন** এণ্ড কোং লিঃ
কলিকাতা

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম, এ, এফ সি এস (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক



ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা), ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট (ব্রহ্মদেশ) * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) * লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।